# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - বিকৃতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৫. ১. ৫. মোশির তৌরাতে তাঁর মৃত্যু ও কবর হারানোর কাহিনী

দ্বিতীয় বিবরণ ৩৪/৫-১০ (মো.-১৩): "তখন মাবুদের গোলাম মূসা মাবুদের কথা অনুসারে সেই স্থানে মোয়াব দেশে ইন্তেকাল করলেন। আর মাবুদ মোয়াব দেশে বৈৎ-পিয়োরের সম্মুখস্থ উপত্যকাতে তাঁকে কবর দিলেন; কিন্তু তাঁর কবরস্থান কোথায় আজও কেউ জানে না (but no man knoweth of his sepulchre unto this day)। মৃত্যুর সময় মূসার বয়স একশত বিশ বছর হয়েছিল। তাঁর চোখ ক্ষীণ হয়নি ও তাঁর তেজও হ্রাস পায়নি। পরে বনি-ইসরাইল মূসার জন্য মোয়াবের উপত্যকায় ত্রিশ দিন কান্নাকাটি করলো; এভাবে মূসার শোক-প্রকাশের দিন সম্পূর্ণ হল। মূসার মত কোন নবী আর বনী-ইসরাইলের মধ্যে উৎপন্ন হয়নি...।"

সকল বাইবেল বিশেষজ্ঞ একমত যে এ সকল কথা মোশির লেখা তৌরাতের কথা হতে পারে না। নিঃসন্দেহে এ কথাগুলো মোশির মৃত্যুর অনেক বছর পরে লেখা, যখন ইহুদিরা তাদের এ প্রিয় ভাববাদীর কবরটা পর্যন্ত হারিয়ে ফেলেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14206

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন